

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নিবাহী অফিসারের কার্যালয়
শ্রীবরদী, শেরপুর।
www.sreebordi.sherpur.gov.bd

স্মারক নং ০৫.৪৫.৮৯৯০.০৩.৮৩.০৮৩.২৪-৫৫৫

তারিখ ১০ শ্রাবণ ১৪৩১
২৫ জুলাই ২০২৪

বিষয় : শ্রীবরদী উপজেলার ওয়েব পোর্টালে উপজেলা, পৌরসভা ও ইউনিয়ন পর্যায়ে সকল অফিসের তথ্য হালনাগাদকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রীপরিষদ বিভাগের তত্ত্বাবধানে ও এটুআই এর উদ্যোগে জাতীয় তথ্য বাতায়ন প্রতিনিয়ত তথ্য ও সেবায় সমৃদ্ধ হচ্ছে। সরকারের সকল উন্নয়নমূলক কার্যক্রম জনগণকে অবহিতকরণ এবং জনগণের তথ্য জানার অধিকার নিশ্চিত করতে উপজেলা, পৌরসভা ও ইউনিয়ন পর্যায়ে অফিসসমূহের ওয়েবসাইট তাৎপর্যপূর্ণ ভূমিকা রাখছে। উপজেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদের ওয়েবসাইট থেকে জানা যাচ্ছে কোথায়, কীভাবে এবং কোন পদ্ধতিতে সেবা প্রদান করা হয়। এর ফলে নাগরিকের বিভিন্ন সেবা প্রাপ্তি কেবল সহজতর হচ্ছে না, প্রশাসনের গতিশীলতা, স্বচ্ছতা, জবাবদিহিতা ও সুনাম অনেকাংশে নিশ্চিত হচ্ছে এবং এর অংশ হিসেবে উপজেলা, পৌরসভা ও ইউনিয়নের তথ্য বাতায়নে উপজেলা ও ইউনিয়ন সম্পর্কিত মেন্যু ও সাব-মেন্যুতে নিম্নোক্ত তথ্য হালনাগাদ করার জন্য অনুরোধ করা হলো।

- উপজেলা পর্যায়ে উপজেলা অফিসের ছবি, অফিস প্রধানের ছবি, যোগাযোগ নম্বর, অফিসের অন্যান্য কর্মকর্তা/কর্মচারীর তথ্য, অফিসের সেবার তথ্য ও তালিকা হালনাগাদ থাকতে হবে। যে সকল প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে তার তথ্য ও প্রকল্প তালিকা ওয়েবসাইটে হালনাগাদকরণ। বার্ষিক ও পঞ্চবার্ষিকী পরিকল্পনা ওয়েবসাইটে হালনাগাদকরণ।
- উপজেলা, পৌরসভা ও ইউনিয়নে চলমান উন্নয়ন প্রকল্প, সামাজিক সুরক্ষা কর্মসূচি, বাজেট ও ক্রয় পরিকল্পনা উদ্যোগের ছবিসহ তালিকা ওয়েবসাইটে হালনাগাদকরণ।
- উপজেলা, পৌরসভা ও ইউনিয়ন ভিত্তিক সরকারি হাসপাতাল, বেসরকারি হাসপাতাল, ক্লিনিক, কমিউনিটি ক্লিনিক এর নাম ও যোগাযোগের নম্বর।
- ইউনিয়ন পরিষদের ছবি, চেয়ারম্যানের ছবি, ইউনিয়ন পরিষদের সচিবের ছবি, যোগাযোগ নম্বর, ইউনিয়ন পরিষদের সেবার সকল তথ্য, সকল সার্ভিসের ফি এর তালিকা। উপজেলা, পৌরসভা ও ইউনিয়ন পর্যায়ে যে সকল ভাতা কার্যক্রম চলমান রয়েছে তার তথ্য এবং ভাতাপ্রাপ্তির উপযোগী বেদেসহ সুবিধাবঞ্চিত অন্যান্য জনগোষ্ঠীর তালিকা প্রণয়ন।
- ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তার নাম, ছবি ও মোবাইল নম্বর।
- ইউনিয়ন ডিজিটাল সেন্টার হতে যে সকল সেবা প্রদান করা হয় তার ফিসহ তালিকা।
- উপজেলা ও ইউনিয়ন পোর্টালে বিনিয়োগকারী প্রতিষ্ঠানের তালিকা অন্তর্ভুক্তকরণ।
- আশ্রয়ণ প্রকল্পের সুবিধাভোগী জনগোষ্ঠীর ছবি ও তালিকা।
- আমার বাড়ি আমার খামার প্রকল্পের সুবিধাভোগী জনগোষ্ঠীর ছবি ও তালিকা।
- উপজেলা, পৌরসভা ও ইউনিয়নের অন্তর্ভুক্ত এনজিও প্রতিষ্ঠানের নাম ও উক্ত প্রতিষ্ঠানের কার্যক্রম।
- শিক্ষা সম্পর্কিত যেমন, সরকারি-বেসরকারি প্রাথমিক বিদ্যালয়, সরকারি-বেসরকারি উচ্চ বিদ্যালয়, জুনিয়র হাইস্কুল, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান, মাদ্রাসা, বেসরকারি এবতেদায়ী মাদ্রাসা, ইংলিশ মিডিয়াম স্কুল, বেসরকারি বিশ্ববিদ্যালয়ের যোগাযোগ নম্বর ও ছাত্র/ছাত্রীর সংখ্যা। শিক্ষা হার, স্কুল ও কলেজ পর্যায়ে ২০২০-২০২১, ২০২১-২০২২ ও ২০২২-২০২৩ অর্থবছরে উপবৃত্তি প্রদানকৃত ছাত্র/ছাত্রীর সংখ্যা। ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থ বছরে প্রদানকৃত উপবৃত্তির টাকার পরিমাণ। প্রাইমারি, হাইস্কুল, কলেজ পর্যায়ে শিক্ষকের সংখ্যা, মসজিদ ও মন্দির ভিত্তিক পাঠশালার সংখ্যা, শিক্ষা প্রতিষ্ঠানের উপজেলা কমিটি, এনজিও এর মাধ্যমে পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা, শেখ রাসেল ডিজিটাল ল্যাবের সংখ্যা ও ডায়ামাণ লাইব্রেরীর সংখ্যা।
- উপজেলা, পৌরসভা ও ইউনিয়নের আওতায় বিদ্যুৎ প্রকল্প, বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠী, বিদ্যুৎ গ্রাহক ও সেচ সংযোগ সংখ্যা।
- অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান, কাজের বিনিময়ে খাদ্য, রিলিফ, ভিজিএফ, জিআর, মানবিক সহায়তা ও সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি এর আওতায় সুবিধাভোগীর সংখ্যা, ছবি ও ভিডিও।

#

- পঞ্জী সঞ্চয় ব্যাংক এর ছবি ও যোগাযোগ নম্বর।
- পরিবেশ সুরক্ষায় সরকারের যাবতীয় কার্যক্রমের ক্যাম্পেইন।
- ডিজিটাল ও স্মার্ট বাংলাদেশ গঠনে উপজেলা, পৌরসভা ও ইউনিয়নে চলমান কার্যক্রম।
- ২০১৯-২০২০, ২০২০-২০২১ অর্থবছরে উপজেলা, পৌরসভা ও ইউনিয়নে করোনাকালীন সরকারে খাদ্য ও আর্থিক সহযোগিতার পরিমাণ ছবি ও ভিডিও আকারে আপলোড।

এমতাবস্থায়, ওয়েব পোর্টালে আপনার উপজেলা, পৌরসভা ও ইউনিয়ন পরিষদের তথ্যাদি আগামী ১১ আগস্ট, ২০২৪খ্রি: তারিখের মধ্যে জরুরি ভিত্তিতে হালনাগাদ করে স্ক্রিনশটসহ প্রতিবেদন উপজেলা আইসিটি কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। যে সকল দপ্তরের তথ্য ইতোমধ্যে পূর্ণরূপে হালনাগাদ করা হয়েছে সে সকল দপ্তরও আবশ্যিকভাবে সমাপ্তি প্রতিবেদন প্রেরণ করবেন। এ বিষয়ে কোন ধরনের সহযোগিতার জন্য জনাব শেখ মো: হাবিবুল্লাহ, সহকারি প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, শ্রীবরদী, শেরপুর(০১৯৮০-১৯৯৫৬১) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।



শেখ জাবের আহমেদ
 উপজেলা নির্বাহী অফিসার
 শ্রীবরদী, শেরপুর।
 মোবা : ০১৭৮২-৮৯২৬৫৫
 email: unosreebardi@mopa.gov.bd

- ১। উপজেলা অফিসার, শ্রীবরদী, শেরপুর।
- ২। মেয়র, শ্রীবরদী পৌরসভা, শেরপুর।
- ৩। চেয়ারম্যান.....ইউনিয়ন পরিষদ, শ্রীবরদী, শেরপুর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ১। জেলা প্রশাসক, শেরপুর;
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), শেরপুর;
- ৩। সহকারি প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, শ্রীবরদী, শেরপুর;
- ৪। অফিস কপি।